

## মায়ের আক্ষেপ

মনজিলুর রহমান

মোগল বৃটিশ সবাই গেল  
এলো পাকিস্তান ,  
বুকটা আমার ভেঙে চুরে  
করল গোরস্তান।

চৌদ্দ কোটি সন্তান আমার  
তার কত কোটি চোর ?  
তোরা কবে মানুষ হবি  
ঘুচবে দুঃখ মোর ।

ব্যাটা পোলা কি নাইরে আমার  
হয়ে গেছে সব খোজা ?  
দুইটা বেটি টানছে কসে  
আমার পাপের বোঝা ।

বাবার খুনির বিচার নিয়ে,  
স্বামীর স্বপ্নের দোহাই দিয়ে  
তারা করছে হৈ চৈ,  
আমার দিকে নজর দেবার  
সময় তাদের কৈ ?

রাজা যায় রাজা আসে  
প্রজার দফা শেষ,  
খুন খারাবী লুটে পুটে  
ধ্বংস করল দেশ ।

এলে ভোট বাধে জোট  
বাড়ি বাড়ি ঘোরে ,  
দ্যাশ সেবায় জান দিবে  
মধুর বাণী ছোড়ে ।

মিথ্যাচারী ধোকাবাজ লুটেরা  
কাজে কথায় মিল নেই তার ,  
ওরা বর্ণচোরা দেশের আপদ  
কেউ নয় আমার।

আটলান্টা, জর্জিয়া  
মার্চ ০৮, ২০০৫ ।